**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 5/10/2024 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল গাঁজা ব্যবস্থাপনা অফিসের পরিচালনামূলক কর্মকাণ্ডকে নতুন রূপ প্রদান করার নির্দেশ প্রদান করলেন

***সার্বিক সুপারিশ লাইসেন্সিং প্রক্রিয়া শেষ পর্যায়ে আটকে থাকার ইতি টানবে, যোগাযোগ উন্নত করবে এবং OCM এর কর্মকাণ্ডকে রূপান্তরিত করবে***

***লাইসেন্সিং প্রক্রিয়ার সংশোধনে অবিলম্বে পদক্ষেপ বাস্তবায়ন করা হবে এবং অবৈধ দোকানসমূহের বিরুদ্ধে আইন প্রয়োগ জোরদার করা হবে***

***CAURD লাইসেন্সধারীদের সাহায্য করার জন্য 5 মিলিয়ন মার্কিন ডলার অনুদান কর্মসূচি***

***গাঁজা আইন প্রয়োগ টাস্ক ফোর্সের সূচনা***

***নতুন রূপ পর্যালোচনার অনুবর্তী হবে; অনুসন্ধানের ফলাফল এখানে উপলভ্য আছে***

গভর্নর ক্যাথি হোকল আজকে গাঁজা ব্যবস্থাপনা অফিসের (Office of Cannabis Management, OCM) পরিচালনামূলক কর্মকাণ্ডকে নতুন রূপ প্রদান করার নির্দেশ প্রদান করেছেন। নতুন রূপটি হবে সাধারণ সেবা অফিসের কমিশনার জিনেট ময়ের নেতৃত্বে ব্যক্তিদের একটি দলের সম্পাদিত একটি 30 দিনের মূল্যায়ন প্রকাশের অনুবর্তী, এখানে গাঁজা ব্যবস্থাপনা অফিসের উল্লেখযোগ্য কাঠামোগত সীমাবদ্ধতা সনাক্ত করা হয়েছে যা নিউ ইয়র্ক স্টেটের গাঁজা বাজার কার্যকরভাবে প্রতিষ্ঠা করা সংক্রান্ত এর বাধ্যবাধকতা পূরণ করার ক্ষেত্রে এজেন্সির সক্ষমতাকে প্রভাবিত করেছে। লাইসেন্সের জন্য আবেদনকারীদের শেষ মুহূর্তে আটকে থাকার ইতি টানার জন্য এবং আবেদনকারী ও লাইসেন্সধারীদের সাথে যোগাযোগ উন্নত করার জন্য মূল্যায়নটি সার্বিক সুপারিশ প্রদান করে, যা পুরো স্টেটজুড়ে নিরাপদ, বৈধ গাঁজা কর্মকাণ্ড সম্প্রসারিত করতে অফিসের ধারণক্ষমতাকে রূপান্তরিত করবে। মূল্যায়নে পাওয়া ফলাফল অনুযায়ী গভর্নর হোকল লাইসেন্স প্রক্রিয়ার সংশোধন এবং অবৈধ দোকান সমূহের বিরুদ্ধে আইন প্রয়োগ বৃদ্ধি করার জন্য অবিলম্বে গ্রহণের পদক্ষেপের একটি সিরিজ ঘোষণা করেছেন। এছাড়াও গভর্নর শর্তসাপেক্ষে প্রাপ্তবয়স্কদের ব্যবহারের জন্য খুচরা বিক্রির গাঁজা ডিস্পেন্সারি (Conditional Adult-Use Retail Dispensary, CAURD) লাইসেন্সধারীদের সাহায্য করতে একটি 5 মিলিয়ন মার্কিন ডলারের অনুদান কর্মসূচি স্থাপন করার ঘোষণা করেছেন এবং আগামী সপ্তাহে গাঁজা

আইন প্রয়োগ টাস্ক ফোর্সের (Cannabis Enforcement Task Force) সূচনার প্রাকপ্রচার করেছেন।

"আমরা দেশের সবথেকে বলীয়ান, সবথেকে ন্যায্য বৈধ গাঁজা বাজার তৈরির প্রতিজ্ঞা করেছি, এবং নিউ ইয়র্কের গাঁজা কর্মসূচিকে প্রতিজ্ঞা অনুসারে কার্যকর করার জন্য আমরা অতি প্রয়োজনীয় পদক্ষেপ ঘোষণা করছি," **গভর্নর হোকল বলেন।** "কমিশনার জিনেট ময় এবং তার দলকে তাদের পরিশ্রম এবং চিন্তাশীল মূল্যায়নের জন্য আমি ধন্যবাদ জানাতে চাই, এবং প্রতিবেদনের সুপারিশসমূহকে বাস্তবায়িত করতে এবং নিউ ইয়র্কের গাঁজা শিল্পখাতকে রূপান্তরিত করতে OCM এর সাথে কাজ করতে আমি উন্মুখ।"

মূল্যায়নটি অফিসের কার্যকর প্রক্রিয়াজাতকরণ এবং আবেদনকারীর লাইসেন্স প্রদানের অনুমোদনের ক্ষেত্রে উল্লেখযোগ্য প্রতিবন্ধকতা সনাক্ত করেছে। লাইসেন্সিং ভূমিকা পূরণ করার সেরা সক্ষমতা ছাড়া, যেই ব্যক্তিদের সাহায্য করার জন্য এই প্রক্রিয়ার নকশা করা হয়েছে তারা এর কারণে উল্লেখযোগ্য পরিমাণ সংস্থান নষ্ট করছে এবং বাদ পড়ার ঝুঁকিতে থাকছে। বৈধ বাজারে বিলম্ব অবৈধ দোকানসমূহের জন্য প্রসারিত হওয়া এবং কোনোভাবে CAURD লাইসেন্স বের করে নেওয়ার একটি শূন্যস্থান তৈরি করেছে। আজকে ঘোষিত সংশোধনসমূহ অবৈধ দোকানসমূহ বন্ধ করা এবং বৈধ কার্যক্রম পরিচালনাকারীদের উত্থিত করার জন্য অতিরিক্ত ধারণক্ষমতা তৈরি করবে।

**নিউ ইয়র্ক স্টেট জেনারেল সার্ভিসেস অফিসের (New York State Office of General Services, OGS) কমিশনার জিনেট ময় বলেন,** "গাঁজা ব্যবস্থাপনা অফিসের মূল্যায়নের জন্য তৈরি করা একাধিক এজেন্সির টাস্ক ফোর্সটি একাধিক এমন পদক্ষেপ সনাক্ত করেছে যা আবেদনকারীদের সাথে যোগাযোগ উন্নত করা এবং আবেদনের প্রক্রিয়া সরলীকৃত করার মাধ্যমে আবেদন আটকে থাকার সমাধানের জন্য এজেন্সি গ্রহণ করতে পারবে। টাস্ক ফোর্সের প্রতিবেদনে রূপরেখা প্রদান করা প্রস্তাবনাসমূহ স্বচ্ছতা উন্নত করবে এবং আবেদন প্রক্রিয়ায় যোগাযোগের সংযোগ স্থাপন করবে এবং একই সাথে নিউ ইয়র্কের গাঁজার বাজারে সমতা আনতে গভর্নর হোকলের প্রতিশ্রুতি পূরণের জন্য স্টেটের প্রয়াসকে বলীয়ান করবে।"

**নিউ ইয়র্ক স্টেট পুলিশের (New York State Police) সুপারিন্টেনডেন্ট স্টিভেন জি জেমস বলেন,** "অবৈধ গাঁজার পাচার পুরো স্টেটে খুলতে থাকা অবৈধ দোকানসমূহকে সরবরাহ প্রদান করছে, নিয়ন্ত্রিত বাজারে বিঘ্ন ঘটছে এবং এর ফলে অন্যান্য সমস্যা হচ্ছে। নিউ ইয়র্কে অবৈধ গাঁজা নিয়ে আসা ব্যক্তিদের লক্ষ্য করার জন্য, তাদের কর্মকাণ্ডকে বিঘ্নিত করতে এবং আইনের সম্পূর্ণ আওতা অনুযায়ী তাদের দায়বদ্ধ করার জন্য স্টেট পুলিশ এর অংশীদারদের সাথে কাজ করে যাবে।"

**সুপারিশ বাস্তবায়ন করা এবং একটি নতুন লাইসেন্সিং কৌশল গ্রহণ করা**
গভর্নর হোকল OCM এর নতুন রূপ শুরু করার জন্য, অবৈধ গাঁজা আইন প্রয়োগ সম্ভব করার জন্য এবং নিউ ইয়র্কের গাঁজা শিল্পখাতকে সাফল্যের পথে স্থাপন করার জন্য অবিলম্বে গ্রহণের পদক্ষেপের একটি সিরিজ গ্রহণ করেছে। পদক্ষেপসমূহের মধ্যে রয়েছে:

- অবৈধ গাঁজা খুচরা বিক্রির দোকান বন্ধ করার জন্য একটি আইন প্রয়োগের টাস্ক ফোর্স শুরু।
- অভ্যন্তরীণ লাইসেন্সিং প্রক্রিয়া ঠিক করা এবং সাইট নিয়ন্ত্রণসহ আবেদন করা আবশ্যিক এমন খুচরা প্রতিষ্ঠানের জন্য ব্যাকলগ পরিষ্কার করা।
- ভবিষ্যতের আবেদনের সময়কালের ক্ষেত্রে 90 দিনের মধ্যে খুচরা লাইসেন্স আবেদনের কাজ শেষ করা সম্ভব করতে একটি সেবা-মাত্রা চুক্তি (service-level agreement, SLA) স্থাপন করার প্রতিশ্রুতি।
- গ্রাহক সেবা বৃদ্ধির জন্য নিয়ন্ত্রক বুলেটিন এবং পাবলিক ড্যাসবোর্ডসহ নতুন যোগাযোগের ব্যবস্থা তৈরি করা।
- 2024 সালের গ্রীষ্মকালে লাইসেন্সপ্রাপ্ত খুচরা বিক্রির অবস্থানসমূহ সংক্রান্ত স্বচ্ছতা উন্নত করার জন্য OCM গাঁজা মানচিত্র শুরু করা।
- লাইসেন্সিং, আইন মান্য করানো এবং আইন প্রয়োগ দলসমূহে কর্মী যোগ করা।
- এজেন্সির ভিত্তি ও ব্যবস্থাপনা জোরদার করা যেমন গ্রাহক সেবা, অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ এবং অডিট ও কর্মকাণ্ডের জন্য সিনিয়র পদে নিয়োগদান করা।
- অফিসের জন্য একটি 5 বছরের কৌশলী পরিকল্পনা তৈরি করা।

**মামলায় জড়িয়ে পড়া লাইসেন্সধারীদের জন্য অতিরিক্ত মূলধন প্রদান করা**

নিজেদের খুচরা বিক্রির অবস্থান নিশ্চিত করা CAURD লাইসেন্সধারীদের আর্থিক সমর্থন প্রদান করতে স্টেট একটি নতুন কর্মসূচি প্রতিষ্ঠা করবে। 2023 সালের ডিসেম্বর পর্যন্ত CAURD কর্মসূচিকে অনেকাংশে স্থগিত করে রাখা বেসরকারি মামলাসহ নিজেদের ব্যবসা খোলার পথে CAURD আবেদনকারীরা যেই বিলম্বের সম্মুখীন হয়েছে তার স্বীকৃতিস্বরূপ OCM এর কর্মীদের সাথে ঘনিষ্ঠভাবে কাজ করে এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development, ESD) ক্ষুদ্র অনুদান রূপে যোগ্য CAURD লাইসেন্সধারীদের জন্য একটি মোট 5 মিলিয়ন মার্কিন ডলারের তহবিল উপলভ্য করবে।

এককালীন এই তহবিলের প্রতিশ্রুতি, যোগ্য উদ্দেশ্যে ব্যবহার করা হলে এর জন্য কোনো পুনঃপরিশোধের প্রত্যাশা করা হবে না, তা লাইসেন্সসম্পন্ন এবং একটি অবস্থান নিশ্চিত করা যোগ্য CAURD লাইসেন্সধারীদেরকে তাদের ব্যয় করা নির্দিষ্ট কিছু যোগ্য প্রারম্ভিক খরচের ব্যয়পূরণের জন্য একটি এককালীন অনুদান পাওয়ার সুযোগ প্রদান করা হবে।

আগামী মাসগুলিতে ESD এই কর্মসূচির জন্য একটি প্রশাসক স্থির করবে। এই পদক্ষেপের মাধ্যমে স্টেট নিউ ইয়র্কের গাঁজা কর্মসূচির একটি কেন্দ্রীয় লক্ষ্য অগ্রসর করবে: নতুন এই শিল্পখাতে এমন ব্যক্তিদের অংশগ্রহণ যারা গাঁজার উপর নিষেধাজ্ঞার কারণে অসামঞ্জস্যপূর্ণভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে।

কর্মসূচিটি সম্পর্কে আরো তথ্য উপলভ্য হলে OCM তা লাইসেন্সধারীদেরকে প্রদান করবে।

**গাঁজা আইন প্রয়োগ টাস্ক ফোর্সের সূচনা**

গভর্নর হোকল এছাড়াও ঘোষণা করেছেন যে আগামী সপ্তাহ থেকে একটি গাঁজা আইন প্রয়োগ টাস্ক ফোর্সের সূচনা হবে। স্টেট পুলিশের প্রথম ডেপুটি সুপারিন্টেনডেন্টের নেতৃত্বে এই টাস্ক

ফোর্সটি হলো অবৈধ গাঁজার বাজারের মোকাবেলা করার জন্য একাধিক এজেন্সির কর্মীদের সমন্বয় করার একটি মুখ্য স্টেটব্যাপী প্রয়াস।  স্টেট পুলিশ, OCM, স্থানীয় আইন শৃঙ্খলা রক্ষাকারী এবং অন্যান্য স্টেট এজেন্সির মধ্যকার সহযোগিতার মাধ্যমে টাস্ক ফোর্সটি অবৈধ গাঁজা কর্মকাণ্ডের সম্পূর্ণ ব্যাপ্তিকে সামাল দেওয়ার জন্য ভালোভাবে প্রস্তুত থাকবে।  এছাড়াও, আগামী 90 দিনে যত বেশি সম্ভব অবৈধ গাঁজার দোকানে তালা লাগানোর জন্য নিবেদিত OCM, কর ও অর্থায়ন বিভাগ, এবং অন্যান্য স্টেট এজেন্সির 150 জনের বেশি পরিদর্শক নিয়ে OCM একটি বলীয়ান নাগরিক আইন প্রয়োগ প্রয়াসের নেতৃত্ব দিবে। স্বাস্থ্য ও নিরাপত্তার জন্য কোনো তাৎক্ষণিক ঝুঁকি পাওয়া গেলে পুরো স্টেটের যেকোনো অবৈধ দোকানেই পরিদর্শন ও তালা লাগানো হতে পারে।

টাস্ক ফোর্সটি পুরো স্টেটের প্রতিষ্ঠিত কর্মকাণ্ডে তদন্তকারী এবং বিশ্লেষকের দলকে নিয়োগ করবে যাতে প্রতিটি অবৈধ গাঁজা দোকানের পরিদর্শন ও বন্ধ করা নিশ্চিত করা যায়। স্টেট পুলিশ গাঁজা পাচার এবং এসব অবৈধ দোকানকে কেন্দ্র করে পাওয়া বড় আকারের অপরাধী চক্রকে লক্ষ্য করে অপরাধ সংক্রান্ত আইন প্রয়োগের প্রয়াসে নেতৃত্ব দিবে। ট্রুপ ভায়োলেন্ট গ্যাং এবং নার্কোটিকস এনফোর্সমেন্ট ইউনিটের মতো সংস্থান ব্যবহারের মাধ্যমে স্টেট পুলিশ মন্দ পক্ষসমূহকে ধরা এবং প্রসিকিউট করার কাজ করবে। এছাড়াও টাস্ক ফোর্সটি অবৈধ ডিস্পেন্সারি উচ্ছেদে সাহায্য করতে বাড়ির মালিকদের সাথে কাজ করবে, এবং অবৈধভাবে কর্মকাণ্ড চালানো সম্পর্কে জানানোর পরেও ভাড়াটিয়াদের উচ্ছেদ করার পদক্ষেপ গ্রহণে ব্যর্থ হলে বাড়ির মালিকদের জরিমানা করতে কাজ করবে।

এই সংশোধনসমূহ শুধু জোরদার বলবৎকরণ পদ্ধতি এবং অবৈধ বাজার বন্ধ করার জন্য আগ্রাসী প্রয়াস পেলেই সফল হতে পারবে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন